দৈনিক ইত্তেফাক

DEC. 10 2001

তারিখ ...
পৃষ্ঠা 8 কলাম 6

# তেইশ হাজার দাখিল পরীক্ষার্থীর ফলাফল এখনো ঘোষণা করা হয়নি

আমি গত বছর মাদ্রাসা বোর্ডের অধীনে দাখিল পরীক্ষায় অংশগ্রহণ করি। যে তেইশ হাজার ছাত্র-ছাত্রীর ফলাফল এখনো ঘোষণা করা হয়নি, সেই দুর্ভাগ্যবানদের মধ্যে আমি একজন। বিভিন্ন পত্রিকায় লেখালেখি এবং মাদ্রাসার-শিক্ষক ও অভিভাবকগণের স্মারকলিপির পরিপ্রেক্ষিতে সুপ্রীম কোর্ট বোর্ডকে ফলাফল প্রকাশের নির্দেশ দেন। এতে আমার মতো ভাগ্যাহত তেইশ হাজার ছাত্র-ছাত্রী আশার আলো দেখতে পেলেও বোর্ড কর্তৃপক্ষের অবহেলার কারণে তা মিলিয়ে যায়। আমরা যারা ২০০০ সালের দাখিল পরীক্ষায় অংশগ্রহণ করেছিলাম তাদেরকে বোর্ড কর্তৃপক্ষ ভুয়া পরীক্ষার্থী হিসেবে আখ্যায়িত করেছেন। তাই যদি হয় তাহলে আমাদের নামে প্রবেশপত্র ইস্যু হলো কীভাবে? আমরা রেজিস্ট্রেশন নম্বর ও রোল নম্বর অনুযায়ী পরীক্ষা দিয়েছি। আমরা কীভাবে ভুয়া পরীক্ষার্থী হলাম, তা মাথায় আসছে না। ফলাফল প্রকাশ না করে আমাদেরকে অনিশ্চিত ভবিষ্যতের দিকে ঠেলে দেয়া হচ্ছে। পরিশেষে, তেইশ হাজার ছাত্র-ছাত্রীর ফলাফল প্রকাশের ব্যাপারে মাননীয় প্রধানমন্ত্রী এবং শিক্ষামন্ত্রী মহোদয়ের হস্তক্ষেপ কামনা করছি।

**মোঃ সাইফুল ইসলাম,**
রোল কুমিল্লা নম্বর ২১৮১৫১,
যশপুর দারুল ইসলামিয়া দাখিল মাদ্রাসা,
চৌদ্দগ্রাম, কুমিল্লা।